**অঙ্গ-প্রত্যঙ্গ ও টিস্যু দান করা**

*অঙ্গ-প্রত্যঙ্গ ও টিস্যু দান করা একটি ব্যক্তিগত পছন্দের  বিষয়। আপনার সিদ্ধান্তের কথা আপনার পরিবারের সাথে শেয়ার করুন।*

**প্রস্তুত করেছেন কানাডিয়ান ব্লাড সার্ভিসেস-এর সহযোগিতায় MUHC নার্স ক্লিনিশিয়ান: ওয়েন্ডি শেরি এবং বার্নার্ড ট্রেমব্লে**

**অঙ্গ-প্রত্যঙ্গ ও টিস্যু দান করা বলতে কী বোঝায়?**

অঙ্গ-প্রত্যঙ্গ ও টিস্যু দান করা হলো এমন একটি পছন্দ যেটি আপনি অন্য ব্যক্তিদেরকে তাদের স্বাস্থ্য ফিরে পেতে সাহায্য করার উদ্দেশ্যে বেছে নিতে পারেন। অঙ্গ-প্রত্যঙ্গ দান করলে তা অসুস্থ অঙ্গ-প্রত্যঙ্গকে সুস্থ অঙ্গ-প্রত্যঙ্গ দিয়ে প্রতিস্থাপন করার মাধ্যমে জীবন বাঁচায়। টিস্যু দান করলে তা লোকজনের দৃষ্টিশক্তি উন্নত করা অথবা গুরুতরভাবে পুড়ে যাওয়ার পরে সংক্রমণ প্রতিরোধ করার মাধ্যমে তাদের জীবন উন্নত করতে সাহায্য করে।

দান করা অঙ্গ-প্রত্যঙ্গ ও টিস্যু এমন ব্যক্তিদের প্রদান করা হয় যাদের এটি সবচেয়ে বেশি প্রয়োজন। কারা দান করা অঙ্গ-প্রত্যঙ্গ ও টিস্যু পাবেন সে বিষয়টি জাতি, লিঙ্গ, আয় বা সেলিব্রেটি স্ট্যাটাস দ্বারা প্রভাবিত হয় না।

আপনার দেহের প্রতি যত্নশীল ও সম্মানজনক আচরণ দান প্রক্রিয়ার একটি গুরুত্বপূর্ণ অংশ। হাসপাতালের অপারেশন কক্ষে একটি সার্জারির সময় অঙ্গ-প্রত্যঙ্গ অপসারণ করা হয় এবং যে ব্যক্তির প্রয়োজন রয়েছে তার কাছে নিয়ে যাওয়া হয়। তারপর টিস্যু ও চোখ অপসারণ করা হয়। খোলা কফিনে শেষকৃত্যের আয়োজন করার অপশনও রয়েছে।

**কোন কোন অঙ্গ-প্রত্যঙ্গ ও টিস্যু দান করা যায়?**

যেসব অঙ্গ-প্রত্যঙ্গ ও টিস্যু দান করা যায় সেগুলো হলো:

*অঙ্গ-প্রত্যঙ্গ*
হৃদযন্ত্র, ফুসফুস, অগ্ন্যাশয়, অগ্ন্যাশয়ের আইলেট কোষ, যকৃত, কিডনি, পাকস্থলী, এবং ক্ষুদ্রান্ত্র

*টিস্যু*
কর্ণিয়া, স্ক্লেরা, ত্বক, হৃদযন্ত্রের ভালভ, হাড়, এবং টেন্ডন

**কারা দান করতে পারবেন?**

নবজাতক থেকে শুরু করে প্রবীণ ব্যক্তি পর্যন্ত সবাই উপযুক্ত। অঙ্গ-প্রত্যঙ্গ বা টিস্যু দানের সঙ্গে জড়িত সংস্থা প্রতিটি কেস মূল্যায়ন করে কোন অঙ্গ-প্রত্যঙ্গ ও টিস্যু দান করা সম্ভব সে ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করবে।

*আসন্ন মৃত্যুর ব্যাপারে কথা বলা শুধু আপনার নিজের জন্যেই নয় বরং আপনার পরিবারের জন্যেও কষ্টকর হতে*

*পারে।*

**যদি আমি অসুস্থ হই তবুও কি আমি দান করতে পারবো?**

কোনো মেডিকেল অবস্থা বা গুরুতর অসুস্থতা আপনাকে সম্ভাব্য অঙ্গ-প্রত্যঙ্গের একজন দাতা হওয়া থেকে বঞ্চিত করবে না। দান করার সময় প্রত্যেক সম্ভাব্য দাতাকে স্বতন্ত্রভাবে, মেডিকেলভাবে, কেস-বাই-কেস হিসেবে মূল্যায়ন করা হবে।

**কখন আমার এই বিষয়টি নিয়ে চিন্তাভাবনা শুরু করা উচিত?**

আপনি জীবিত থাকা অবস্থায় মৃত্যু নিয়ে কথা বলা কঠিন হতে পারে। কিন্তু অঙ্গ-প্রত্যঙ্গ ও টিস্যু দানকারী হিসেবে নিবন্ধনের জন্য আপনার সিদ্ধান্ত সম্পর্কে কথা বলা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনার জীবনের শেষ ইচ্ছার সম্মান রক্ষা করার ব্যাপারে আপনার প্রিয়জনদেরকে অবশ্যই সম্মতি দিতে হবে; যদি আপনি এই বিষয়টি নিয়ে ইতোমধ্যে তাদের সঙ্গে কথা বলে থাকেন, তাহলে তাদের জন্য সঠিক কাজটি করা সহজতর হবে।

যদি আপনি দান করার বিষয়টি বিবেচনা করে থাকেন, তাহলে আপনার পারিবারিক ডাক্তার অথবা আপনার প্রাদেশিক দান কর্মসূচির সাথে কথা বলুন।

**আমি কিভাবে দান করতে পারি?**

আপনার প্রদেশে অঙ্গ-প্রত্যঙ্গ ও টিস্যু দানকারী হিসেবে যেভাবে নিবন্ধন করবেন:

- https://www.donateyourorgans.ca/#register

আপনার সিদ্ধান্ত যাই হোক না কেন, আপনি সবসময় যথাযথ মেডিকেল সেবা পাবেন। আপনি দান করতে চান কিনা সে ব্যাপারে আপনার পরিবারের সাথে কথা বলুন। সবসময় আপনার সিদ্ধান্তের প্রতি সম্মান দেখানো হবে।

অনুগ্রহ করে মনে রাখবেন যে ডাক্তার আপনাকে মৃত ঘোষণা করার পরেই কেবল দান করার ঘটনা ঘটতে পারে।

আপনার জীবন শেষ হয়ে যাওয়ার পরে আপনার অঙ্গ-প্রত্যঙ্গ ও টিস্যু দান করার সিদ্ধান্ত অন্যদেরকে তাদের জীবন শেষ হওয়ার আগ পর্যন্ত বেঁচে থাকতে সাহায্য করবে।

আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে আমাদেরকে OTDT@blood.ca ঠিকানায় ইমেইল করুন।